



## কাস্টোমার ফোরামসমূহ এবং সম্মেলন

### আঞ্চলিক কাস্টোমার ফোরামসমূহ

আমরা বিভিন্ন অঞ্চল ও অঙ্গ প্রতিষ্ঠানে বিভক্ত একটি বৃহৎ সংগঠন। আপনি যদি আপনার অঞ্চলে সম্পৃক্ত হতে চান, তাহলে আপনি আঞ্চলিক কাস্টোমার ফোরাম-এর সদস্য হতে পারেন। সদস্যগণ উর্ধ্বতন আঞ্চলিক কর্মীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে গিয়ে আমাদের পরিবেশাসমূহের পূর্ণ পরিসরের মূল্যায়ন করে থাকেন। হাউজিং অ্যাসসিয়েশনগুলো কীভাবে কাজ করে তা জানার এটি একটি বিরাট সুযোগ।

ফোরাম সদস্যগণ তাদের ল্যান্ডলর্ডের মতই আমাদের কর্মকাণ্ড মূল্যায়ন করতে পারেন এবং আমাদের পরিবেশাসমূহের পরিশীলনে কাস্টোমার হিসেবে তাদের অভিজ্ঞতা কাজে লাগাতে পারেন। বছরে চার বার পর্যন্ত বৈঠক অনুষ্ঠিত হয়। সকল ফোরাম সদস্যদের জন্য একটি প্রশিক্ষণ ও সহায়তা প্যাকেজ রয়েছে।

### আপনি কি আগ্রহী?

আমাদের আঞ্চলিক ফোরামসমূহে কাজের সুযোগ খালি থাকলে ওপেন ডোর (**Open Door**) —এ তার বিজ্ঞাপন দেওয়া হয়। আপনি ফোরামের কাজে আগ্রহী হয়ে থাকলে এবং আরো তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায় [resident.involvement@shgroup.org.uk](mailto:resident.involvement@shgroup.org.uk)

### আঞ্চলিক কাস্টোমার সম্মেলন

আঞ্চলিক কাস্টোমার সম্মেলনে অংশগ্রহণের জন্য আসন বুক করতে প্রতি বছর আমরা আমাদের সকল রেসিডেন্টকে আমন্ত্রণ জানাই। আঞ্চলিক সম্মেলনগুলো সাধারণতঃ প্রতি বছর ফেব্রুয়ারী থেকে মে মাসের মধ্যে শনিবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানগুলো খুবই অনানুষ্ঠানিক হয়ে থাকে, যাতে উপস্থাপনা, প্রশ্নোত্তর পর্ব এবং কর্মশালা অন্তর্ভুক্ত থাকে।

প্রয়োজনীয় তথ্যাবলী ব্যাপক পরিসরে পাওয়া যায় এবং আমাদের মূল পরিবেশাসমূহের কর্মীগণ বিভিন্ন বিষয়ে কথা বলতে এবং প্রশ্নের উত্তর দিতে প্রস্তুত থাকেন। এই সম্মেলনগুলো উর্ধ্বতন কর্মীদের ও অন্যান্য রেসিডেন্টদের সঙ্গে সাক্ষাতের আর **Southern Housing Group** (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর সর্বসাম্প্রতিক খবরাখবর জানার এক বিরাট সুযোগ সৃষ্টি করে।

### আপনি কি আগ্রহী?

পরবর্তী সম্মেলনে আপনি যোগ দিতে চাইলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম-এর সঙ্গে যোগাযোগ করুন। অনুগ্রহপূর্বক মনে রাখবেন যে আমাদের অনুষ্ঠানসমূহে আসন সংখ্যা সীমিত।